


সমাপনীর প্রথম দিনে অনুপস্থিত ১ লাখ ৬০ হাজার

নিজস্ব প্রতিবেদক,ঢাকা

১৮ নভেম্বর ২০১৮, ২০:১৬

আপডেট: ১৮ নভেম্বর ২০১৮, ২০:১৮



প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষার প্রথম দিনে আজ রোববার অনুপস্থিত ছিল ১ লাখ ৬০ হাজার ১৬৮ জন পরীক্ষার্থী। এই দুই পরীক্ষায় মোট পরীক্ষার্থী ৩০ লাখ ৯৬ হাজার ৩৩১ জন। পরীক্ষার বিষয়ে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের দৈনিক প্রতিবেদনে ওই তথ্য দেওয়া হয়েছে।

অনুপস্থিত পরীক্ষার্থীদের মধ্যে প্রাথমিক শিক্ষা সমাপনীতে ১ লাখ ১৭ হাজার ৭৫৩ জন ও ইবতেদায়ী সমাপনীতে ৪২ হাজার ৪১৫ জন। রোববার অনুষ্ঠিত হয়েছে ইংরেজি বিষয়ের পরীক্ষা। ৭ হাজার ৪১০টি কেন্দ্রে এই পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে।

এদিকে প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান পরীক্ষা দেখতে আজ সকালে রাজধানীর বেইলি রোডে ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজ কেন্দ্রে যান। এ সময় সাংবাদিকদের প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, জাতীয় শিক্ষানীতিতে বলা হয়েছে, প্রাথমিক শিক্ষা হবে অষ্টম শ্রেণি পর্যন্ত। কিন্তু এখন পর্যন্ত সেটা বাস্তবায়ন হয়নি। যখন বাস্তবায়ন হবে, তখন একটি পরীক্ষা হবে, নাকি দুটি হবে-সেই সিদ্ধান্ত নেওয়া হবে। তবে মন্ত্রিসভা যদি সিদ্ধান্ত দেয়, তাহলে এখনো একটি পরীক্ষা হতে পারে। কারণ, এই পরীক্ষাগুলো মন্ত্রিসভার সিদ্ধান্তের আলোকেই হয়।

এবারের পরীক্ষায় বহুনির্বাচনী প্রশ্ন (এমসিকিউ) বাদ দেওয়া হয়েছে। ছয়টি বিষয়ের প্রতিটিতে ১০০ নম্বর করে মোট ৬০০ নম্বরের পরীক্ষা হচ্ছে।

সাংবাদিকেরা জানতে চেয়েছিলেন, এবার হঠাৎ করে এমসিকিউ বাদ দেওয়া হয়েছে, এর প্রভাব শিক্ষার্থীদের ওপর পড়বে কি না? জবাবে গণশিক্ষামন্ত্রী দাবি করেন, বছরের শুরুতেই এই ঘোষণা দেওয়া হয়েছিল। এ ছাড়া বুঝে-শুনে, চিন্তাভাবনা করেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

অপর এক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, যত ঝগড়াই হোক না কেন, আগামী ১ জানুয়ারি শিক্ষার্থীদের হাতে নতুন বই দেওয়া হবে। এর আগেও আশুপুস্তক-সম্বন্ধে মন্ত্রিসভার মধ্যে বই পৌঁছে দেওয়া হয়েছে।